গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পুঠিয়া, রাজশাহী
www.puthia.rajshahi.gov.bd

স্মারক নংঃ - ০৫.৪৩.৮১৮২.০০০.২১.০০১.২০২৬- ৪৫৯

তারিখঃ ০১/০৪/২০২৬ খ্রি.

**পুঠিয়া উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবানের ২য় বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫.২৫-১০৮ নং স্মারক মোতাবেক পুঠিয়া উপজেলাধীন অ-ইজারাকৃত ১০টি বদ্ধ জলমহাল ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি,উপজেলা সমবায় ও সমাজসেবা অফিসের নিবন্ধিত সমিতি কর্তৃক ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে পুঠিয়া উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩৩ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

জলমহালের দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও দাখিলের তারিখ

| দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র খোলার সময় |
|---|---|---|
| ০২/০৪/২০২৬ হতে ০৭/০৪/২০২৬ | ০৮/০৪/২০২৬ সকাল ১০টা হতে বেলা ১টা | ০৮/০৪/২০২৬ বিকাল ৩.০০ টা |

পুকুরের তালিকা:

| ক্রম নং | পুকুরের নাম | মৌজার নাম | জে.এল নং | দাগ নং | আয়তন (একরে) | ৩ বছরের জন্য সরকারী স্থিরকৃত (সম্ভাব্য) মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | বড়বন্ধ পুকুর | দোমাদী | ১৯ | ২১১৫ | ০.৭৩ | ৩০,০০০/- |
| ২ | খাস পুকুর | চকদুর্লভপুর | ৪৮ | ৪৬৩ | ০.৭২ | ৭৪,০২৫/- |
| ৩ | গাঙ্গোরধার পুকুর | চকদুর্লভপুর | ৪৮ | ৫৮ | ০.৬২ | ৩১,৫০০/- |
| ৪ | চৌকি পুকুর | চকদুর্লভপুর | ৪৮ | ৫৯০ | ০.৮৫ | ৩৯,০০০/- |
| ৫ | লতিফের পুকুর | নন্দনপুর | ৪৯ | ৪১০১ | ০.৫৩ | ১৫,৭৫০/- |
| ৬ | দুই-শতিন পুকুর | তরফ ভালুকগাছি | ৫২ | ১৭৩৫ | ০.৮০ | ১,৬৮,০০০/- |
| ৭ | গদার পুকুর | তরফ ভালুকগাছি | ৫২ | ২০৫৩ | ০.৬২ | ২৪,০০০/- |
| ৮ | সিংড়া কুড়ি পুকুর | তরফ ভালুকগাছি | ৫২ | ১৮৭৩৪ | ০.৫৩ | ২১,০১১/- |
| ৯ | বারা পুকুর | তরফ ভালুকগাছি | ৫২ | ১৬৮১০ | ০.৬২ | ২৪,৫৭০/- |
| ১০ | কাশেমের পুকুর | সাতবাড়িয়া | ১১৩ | ১১৪৬ | ০.৩৮ | ৯,৫৪৫/- |

০১/০৪/২৬

লিয়াকত সালমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পুঠিয়া,রাজশাহী

স্মারক নংঃ - ৩১.৪৩.৮১৮২.০০০.২১.০০১.২০২৬-৪৫৯(৩০)

তারিখঃ ০১/০৪/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ (পুঠিয়া-দূর্গাপুর) ও উপদেষ্টা-০১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি,পুঠিয়া, রাজশাহী।
০২। জেলা প্রশাসক, রাজশাহী ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।

অনুলিপি অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

০৪। প্রশাসক/মেয়র, পুঠিয়া পৌরসভা, রাজশাহী।
০৫। উপজেলা নির্বাহী অফিসার,.................................................................................(সকল), রাজশাহী।
০৬। সহকারী কমিশনার (ভূমি).....................................................................................(সকল), রাজশাহী।
০৭। উপজেলা ........................................অফিসার.................................রাজশাহী। তাকে খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো।
০৯। প্রশাসক/চেয়ারম্যান, শিলমাড়িয়া/বানেশ্বর/পুঠিয়া/জিউপাড়া/ভালুকগাছি/বেলপুকুরিয়া ইউ.পি, পুঠিয়া, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। বোর্ডে টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। জনাব......................................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, পুঠিয়া, রাজশাহী।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পুঠিয়া/বানেশ্বর/পাইকপাড়া/শিলমাড়িয়া ইউনিয়ন ভূমি অফিস, পুঠিয়া, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে প্রচারের জন্য এবং জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২। নোটিশ বোর্ড।
১৩। অফিস নথি।

০১/০৪/২০২৬

শিবু দাশ
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পুঠিয়া, রাজশাহী

## পরিশিষ্ট-ক

**জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদনের সাথে যে সকল কাগজপত্র দাখিল করতে হবে তা নিম্নরুপঃ-**

০১। উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ ( প্রকল্প ছক) (নমুনা) (প্রযোজ্য ক্ষেত্রে)

০২।মৎস্যজীবীসমবায় সমিতির নিবন্ধন সনদ ( রেজিষ্ট্রেশন ) এর সত্যায়িত কপি

০৩।সমিতির সকলসদস্যের নাম,ঠিকানা ও ছবি

০৪।সমিতিরসদস্যদের জাতীয় পরিচয়পত্র

০৫।প্রত্যেকসদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়ন পত্র

০৬। সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা নেই মর্মে উপজেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন

০৭।সমিতিরসদস্যগণ প্রকৃত মৎস্যজীবী ,মাছ চাষ শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহালইজারা পেলেনিজেরাই তা পরিচালনাকরবেন এমন অঙ্গীকার নামা

০৮।মৎস্যজীবীপরিচয়পত্র (এফআইডি কার্ড) (প্রযোজ্য ক্ষেত্রে )

০৯।সমিতিরগঠনতন্ত্র

১০।সমিতিরসভার কার্যবিবরণী

১১।ব্যাংকসলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে)

১২।বিগতদুই বছরের অডিট প্রতিবেদন (নতুন সংগঠন/সমিতির জন্য প্রযোজ্য নয়)

১৩। জামানত বাবদ বিডি মোট মূল্যের ২০% হারে উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী বরাবরে সোনালী ব্যাংক লিঃ, পুঠিয়া শাখা,রাজশাহী।

**শর্তাবলী ঃ**

১। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও সংশোধিত গেজেট অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবীসমবায় সমিতি ও একক সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবেনা।

২। সমিতিতে প্রকৃত মৎস্যজীবীব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবীনহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবীকি-না এবং নিবন্ধনকৃত কি-না তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৩। কোন মৎস্যজীবীসমবায় সমিতি /সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেনা।

৪। ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে বাংলা ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে। আবেদন ফরম বিক্রয় বা জমাদানের নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচী প্রযোজ্য হবে।

৫। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহীর অনুকূলে ০৩ বছরের উদ্ধৃত মুল্যের উপর ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিঃ, পুঠিয়া শাখা হতে বিডি/ পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে এবং বিডি এর সাথে ১০/-টাকার রাজস্ব টিকিট (বিডি কালেকশন ফিস) বাবদ জমা দিতে হবে। প্রত্যেক দরপত্র দাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। উক্ত জামানতের ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

৬। সিদ্ধান্ত গৃহীত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় ইজারা দেওয়া হবে।

৭। ০৩ (তিন) বছর মেয়াদী সম্পূর্ণইজারা মূল্য ও অন্যান্য সরকারিকরাদি১৫ কার্যদিবসের মধ্যেপরিশোধ করতে হবে। যুক্তি সংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৮। আবেদনে গৃহীত ইজারা মূল্য ০৩ (তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে নিজ দারিত্বে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তি নামা সম্পাদন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।

১০। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চূড়ান্ত ভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব লীজ প্রদান করা যাবে না। অনুরুপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানত সহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোন জলমহালের ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১২। কোন সমিতি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ হলে ও আবেদনকারী সমিতি যদি জামানতের অর্থ ফেরৎ না নিয়ে থাকেন তবে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

১৩| আবেদন গৃহীত হলে দরদাতাকে ইজারামূল্য ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে, ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ১১১০২০৪১০২০২২-১১৪১১০১ নং কোডে এবং ১০% আয়কর ১১১০২১৫১০২৪৩৭-১১১১১০১ নম্বর কোডে চালানের মাধ্যমে জমা দিয়ে কপি দাখিল করতে হবে।

১৪। সায়রাতমহাল ইজারার ক্ষেত্রে যাবতীয় সরকারী নীতিমালা জারী হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৫। ইজারা প্রদানে বিলম্বের দরুন ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না। অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। আবেদন পত্রের খামে সায়রাত মহলের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে।

১৬। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান এবং সময় সময় জারীকৃত বিধি বিধান অনুসরণ ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।

১৭। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯, অনুয়ায়ী অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

১৮। যে কোন আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৭/০৪/২৬

(লিয়াকত সালমান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি

পুঠিয়া, রাজশাহী